গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১৩/১০/২০১৯ খ্রি.।

# ২০১৯ সনের অনার্স ২য় বর্ষ (নিয়মিত) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ছাত্রীদের ২০১৯ সনের অনার্স ২য় বর্ষ (নিয়মিত) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

| বিভাগের নাম | ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ | সময় |
|---|---|---|
| মার্কেটিং, ফিন্যান্স ও ব্যাংকিং, সমাজকর্ম, | ১৪/১০/২০১৯ | অনার্স ৩য় বর্ষ পরীক্ষার দিন দুপুর ১:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত এবং অন্যান্য দিন সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত প্রশাসনিক ভবনের ক্যাশ শাখায় ফরম পূরণের ফি জমা দিতে হবে। |
| ইংরেজি, ইতিহাস, দর্শন, | ১৫/১০/২০১৯ | |
| অর্থনীতি, ইসলামী শিক্ষা, বাংলা, | ১৬/১০/২০১৯ | |
| সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান | ১৭/১০/২০১৯ | |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, ব্যবস্থাপনা | ২০/১০/২০১৯ | |
| রসায়ন, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, গণিত, ভূগোল, পদার্থবিজ্ঞান উদ্ভিদবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, | ২১/১০/২০১৯ | |
| **বিঃ দ্রঃ-নির্ধারিত সময়ের পরে ফরম পূরণের আর কোন সুযোগ দেয়া হবে না।** | | |

নিয়মিত ছাত্রীদের পরীক্ষার ফি

| অনার্স বিষয়ের নাম | ফরম পূরণের ফি (কলেজিয়েট) | ফরম পূরণের ফি (নন-কলেজিয়েট) |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস, দর্শন | ২,৮৩০.০০ | ৪,৩৩০.০০ |
| ইতিহাস, ইসলামী শিক্ষা, সমাজবিজ্ঞান, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স ও ব্যাংকিং, ব্যবস্থাপনা | ৩,১৩০.০০ | ৪,৬৩০.০০ |
| রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, হিসাববিজ্ঞান | ৩,৪৩০.০০ | ৪,৯৩০.০০ |
| পরিসংখ্যান, | ৩,৩৭০.০০ | ৪,৮৭০.০০ |
| মনোবিজ্ঞান, | ৩,২৬০.০০ | ৪,৭৬০.০০ |
| ভূগোল ও পরিবেশ | ৩,৭৮৫.০০ | ৫,২৮৫.০০ |
| প্রাণিবিজ্ঞান | ৩,২৪০.০০ | ৪,৭৪০.০০ |
| রসায়ন | ৩,৩৯০.০০ | ৪,৮৯০.০০ |
| উদ্ভিদবিজ্ঞান | ৩,৫৪০.০০ | ৫,০৪০.০০ |
| গার্হস্থ্য অর্থনীতি | ৩,১৮৫.০০ | ৪,৬৮৫.০০ |
| পদার্থবিজ্ঞান | ৩,৪১০.০০ | ৪,৯১০.০০ |
| গণিত | ৩,৬৯০.০০ | ৫,১৯০.০০ |

(প্রফেসর ড. শামসুন নাহার)
আইডি নং-৩১৭
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

অনলাইনে ডাটা এন্ট্রির পর নিম্নের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি অফিসে জমা দেয়ার তারিখ ২২/১০/২০১৯ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত।

অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):

(ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form fill-up** বাটন ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২২/১০/২০১৯ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩১০ নং কক্ষে জানাতে পারবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

২. ফরম পূরণের ফি জমা দেয়া:

সংশ্লিষ্ট বিভাগ হতে টাকা জমা রশিদ সংগ্রহ করে ৩ অংশে পরীক্ষার্থীর নাম, ক্লাস রোল নম্বর, টাকার পরিমাণ ও নিজ মোবাইল নম্বর (স্বচল) অবশ্যই লিখতে হবে। ক্যাশ শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে স্ব স্ব বিভাগে গিয়ে ফরম সংগ্রহ ও জমা দিবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

(ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সনের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা ২০১৯ সনের অনার্স ২য় বর্ষ পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। এছাড়া ২০১৮ সনের (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ) ১ম বর্ষ পরীক্ষায় সর্বোচ্চ ৩ টি পত্রে (তত্ত্বীয়, ব্যবহারিক, মৌখিক) অকৃতকার্য/অনুত্তীর্ণ শিক্ষার্থীরা ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "ডিস-কলেজিয়েট" শিক্ষর্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৪. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

অনলাইনে পরীক্ষার আবেদন সংগ্রহ করার পর অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফলাফলের কপি, অনার্স ২য় বর্ষে ভর্তি ফি জমা রশিদের কপি ও আবেদন ফরম সংশ্লিষ্ট বিভাগে দেখিয়ে ফরম পূরণের টাকা জমা রশিদ সংগ্রহণ করতে হবে। পরীক্ষার ফি জমা দিয়ে উল্লিখিত ডুকুমেন্টসহ স্ব স্ব বিভাগে জমা দিবে।

(প্রফেসর ড. শামসুন নাহার)
আইডি নং-৩১৭
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

০৫. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় ঃ

(ক) শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা এবং পরীক্ষার্থী তার পরীক্ষার পত্র অনুযায়ী টাকা জমা দিয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম জমা নিতে হবে। 'নন-কলেজিয়েট' পরীক্ষার্থীর টাকা জমা রশিদের উপর "নন-কলেজিয়েট" সীল দিতে হবে। টাকা জমা রশিদের কলেজ অংশ আবেদন ফরমের সাথে জমা রাখতে হবে।

**ঘ) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:** ২০১৯ সনের অনার্স ২য় বর্ষ (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ) পরীক্ষার্থীদের ফরম পূরণের সময় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সে পেপার কোড নম্বর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ হার্ডকপি ও সফ্ট কপি কলেজের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

১৬/১০/১৯

(প্রফেসর ড. শামসুন নাহার)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

(প্রফেসর ড. শামসুন নাহার)
আইডি নং-৩১৭
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।